দৈনিক বাংলা

৪৩

তারিখ 10 OCT 1995

পৃষ্ঠা ৫ কলাম ৭

# উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি পদ্ধতি

আমরা উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্রী। এ বছর অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় আমরা অংশগ্রহণ করেছি। বর্তমানে আমরা ফল প্রকাশের অপেক্ষায় আছি। কয়েকদিন আগে শিক্ষা সচিব ইরশাদুল হক ঘোষণা দিয়েছেন যে পাবলিক পরীক্ষার নম্বরের ভিত্তিতে কলেজ, বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ, বুয়েট, বিআইটি প্রভৃতি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। মাধ্যমিক পর্যায়ে এ ব্যবস্থা কার্যকর হয়েছে। কিন্তু উচ্চ মাধ্যমিক পর্যায়ে এ ব্যবস্থা কার্যকর হবে কি-না তা এখনও প্রশ্ন সাপেক্ষ। ফলে ছাত্র-ছাত্রী এবং অভিভাবক মহলে অনিশ্চয়তা ও দুশ্চিন্তা বিরাজ করছে। কিছু সংখ্যক ছাত্র-ছাত্রী দেশের বহুল প্রচারিত কোচিং সেন্টারগুলোতে ভর্তি হয়ে নিয়মিত পড়াশোনা করছে। কিছু সংখ্যক ছেলেমেয়ে ভর্তি পরীক্ষার জন্য পড়াশোনা করা বাদ দিয়ে দিয়েছে। আর অধিকাংশ ছাত্র-ছাত্রীই দু'টানার মধ্যে রয়েছে। তারা কোচিং সেন্টারে ভর্তিও হতে পারছে না আবার ভর্তি না হয়ে স্বস্তি বোধও করতে পারছে না। অভিভাবকবৃন্দ উৎকণ্ঠার মধ্যে আছেন। তারা বুঝে উঠতে পারছেন না তারা কি করবেন। এ অবস্থায় সরকারের সর্বোচ্চ কর্তৃপক্ষের প্রতি আমাদের অনুরোধ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যেন নির্দেশ দেওয়া হয়, ভর্তি পরীক্ষা হবে কি হবে না পত্রিকার মাধ্যমে অবিলম্বে চূড়ান্তভাবে তা জানাতে। আমাদের ফল প্রকাশের বড়জোর আর দেড়মাস মাত্র বাকি। মেডিক্যাল কলেজ, বুয়েট ও বিশ্ববিদ্যালয়সমূহে যদি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়, তাহলে অতিসত্বর তা জানিয়ে দেওয়া উচিৎ। কেননা এসব প্রতিষ্ঠানে যে প্রতিযোগিতা হয় তার জন্য প্রচুর পরিশ্রম করা প্রয়োজন। তাই আমরা অতি শীগগিরই একটি সঠিক ও বাস্তবসম্মত সিদ্ধান্ত প্রত্যাশা করছি। আশা করি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আমাদের প্রত্যাশা পূরণ করবেন।

সুরভী, তমা, মুনী
রংপুর।